

# শিক্ষার্থীদের দাবির মুখে রাবিতে হল ফি বৃদ্ধির সিদ্ধান্ত স্থগিত

রাবি প্রতিনিধি

৫ মার্চ ২০২৩ ০২:৩৮

পিএম | আপডেট: ৫ মার্চ

২০২৩ ০২:৩৮ পিএম



শিক্ষার্থীদের দাবির মুখে রাবিতে হল ফি বৃদ্ধির সিদ্ধান্ত স্থগিত

advertisement

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শিক্ষার্থীদের দাবির মুখে আবাসিক হলগুলোর ফি বৃদ্ধির সিদ্ধান্ত স্থগিত করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। আজ রোববার দুপুর ১টায় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক সুলতান-উল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন।

অধ্যাপক সুলতান-উল ইসলাম বলেন, হল প্রাধাক্ষ্য পরিষদ এটা করেছে। এটা নিয়ে আমি উপাচার্যের সঙ্গে কথা বলেছি। হল ফি পূর্বে ঘেমন ছিল, সে অবস্থাতেই থাকার নির্দেশ দিয়েছেন উপাচার্য। বর্ধিত ফি স্থগিত। সবার সঙ্গে কথা বলেই হল ফি বৃদ্ধির বিষয়টি জানানো হবে।

advertisement

এর আগে, আজ দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের প্যারিস রোডে স্টুডেন্ট রাইটস অ্যাসোসিয়েশনের আয়োজনে শিক্ষার্থীরা হল ফি ৯০০ টাকা থেকে ২৮০০ টাকা সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি জানিয়েছেন। এ সময় বিভিন্ন বিভাগের প্রায় চার শতাধিক শিক্ষার্থী কর্মসূচিতে উপস্থিত ছিলেন।